

♣ উত্তরপত্র

৩৫-৩৬ তম বিসিএস গণিত

Total questions : 31 Total marks : 31

1) $x^2+y^2=185$, $x-y=3$

- 1) (7,4)
- 2) (9,6)
- 3) (10,7)
- ✓ 4) (11,8)

ব্যাখ্যা : $x^2+y^2=185$

$\Rightarrow (x-y)^2-2xy=185$

$\Rightarrow 2xy=185-9$

$\Rightarrow 2xy=176$

$\Rightarrow 4xy=352$

$\Rightarrow x+y= \sqrt{(x-y)^2+4xy}=\sqrt{9+352}$

$\Rightarrow x+y=19$, $x-y=3$

$\Rightarrow 2x=22 \Rightarrow x=11$,

$y=8 \Rightarrow (x,y) = (11,8)$

2) $১+৫+৯+.....+৮১=?$

- 1) ৯৬১
- ✓ 2) ৮৬১
- 3) ৭৬১
- 4) ৬৬১

ব্যাখ্যা :

n তম পদ = $a+(n-1)d$

$\Rightarrow ৮১=১+৪n-৪$

$\therefore n=২১$ এখন, সমষ্টি = (শেষ পদ+প্রথম পদ)/(২×পদসংখ্যা) = $(৮১+১)/২ \times ২ = ৮৬১$

3) if $(25)^{2x+3}$; $x=?$

- ✓ 1) 0
- 2) 1
- 3) -1
- 4) 4

ব্যাখ্যা : if $(25)^{2x+3}$; $x=0$

4) ΔABC এ $\angle A = 80^\circ$, $\angle B = 90^\circ$ হলে, ΔABC কি ধরনের ত্রিভুজ ?

- 1) সমকোণী
- 2) স্কালকোণী
- ✓ 3) সমদ্বিবাহু
- 4) সমবাহু

ব্যাখ্যা : ΔABC এ $\angle A + \angle B + \angle C = 180^\circ$

$$\Rightarrow 80^\circ + 90^\circ + \angle C = 180^\circ$$

$$\Rightarrow \angle C = 180^\circ - 110^\circ = 70^\circ$$

$\Rightarrow \angle C = 90^\circ$ এটি একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

5) ৩৫০ টাকা দরে ৩ কেজি মিষ্টি কিনে ৪ টাকা হারে ভ্যাট দিলে মোট কত ভ্যাট দিতে হবে ?

- 1) ১৪ টাকা
- ✓ 2) ৪২ টাকা
- 3) ১২ টাকা
- 4) ১০৫ টাকা

ব্যাখ্যা : $(৪ \times ৩৫০ \times ৩) / ১০০ = ৪২$ টাকা

6) একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $৪\sqrt{২}$ একক হলে বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত ?

- 1) ২৪
- 2) ৮
- ✓ 3) ১৬
- 4) ৩২

ব্যাখ্যা : আমরা জানি, বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $= a\sqrt{২}$


$$a\sqrt{২} = ৪\sqrt{২}$$

$$\Rightarrow a = ৪\sqrt{২}/\sqrt{২}$$

$$a = ৪$$

সুতরাং, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল, $a^2 = ৪^2 = ১৬$ বর্গ একক

7) চিত্র অনুসারে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে ΔABC অন্তর্লিখিত। $\angle y = 112^\circ$ হলে, $\angle x =$ কত?



- 1) 68°
- ✓ 2) 34°
- 3) 45°
- 4) 39°

ব্যাখ্যা :

$\triangle BOC$ এর বহিঃস্থ $\angle AOB = \angle OBC + \angle OCB$

এখন, $\angle AOB + y = 180^\circ$

$\Rightarrow \angle OBC + \angle OCB + y = 180^\circ$

$\Rightarrow x+x+y = 180^\circ$

$\Rightarrow 2x = 180^\circ - 112^\circ$

$\Rightarrow x = 68^\circ/2$


$\therefore x = 34^\circ$

8) ১২ টি বই থেকে ৫ টি কত প্রকারে বাছাই করা যায় যেখানে ২ টি বই সর্বদাই থাকবে ?

- 1) ২৫২
- 2) ৭৯২
- 3) ২২৪
- ✓ 4) ১২০

ব্যাখ্যা : ১২ টি বই থেকে ৫ টি বাছাই করা যায় যেখানে ২ টি বই সর্বদাই থাকবে তা হচ্ছে ${}^{10}C_3 = 120$ ।

9)



চিত্র অনুসারে O কেন্দ্র বিশিষ্ট বৃত্তে ΔABC অন্তর্লিখিত

1 $\angle y = 112^\circ$ হলে $\angle x = ?$

- 1) 68°
- ✓ 2) 38°
- 3) 85°
- 4) 39°

ব্যাখ্যা : $180 - 112 = 68^\circ$; $38 * 2 = 68^\circ$; $68 / 2 = 38^\circ$

10) $A = \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } x \leq 5\}$ হলে $P(A)$ এর সদস্য সংখ্যা কত ?

- ✓ 1) ৮
- 2) ৭
- 3) ৬
- 4) ৩

ব্যাখ্যা : $A = 2, 3, 5$ $P(A) = 2^3 = 8$. এখানে $P(A)$ হচ্ছে A সেটের শক্তি সেট।

11) $\sqrt{15.6025} = ?$

- 1) ৩.৮৫
- 2) ৩.৭৫
- ✓ 3) ৩.৯৫
- 4) ৩.৬৫

ব্যাখ্যা :

12) দুটি সংখ্যার গুণফল ৩৩৮০, গসাণ্ড ১৩। লসাণ্ড কত ?

- ✓ 1) ২৬০
- 2) ৭৮০
- 3) ১৩০
- 4) ১২০

ব্যাখ্যা : $0080/10=260$

13) $\text{Log}\sqrt{3} 81=?$

- 1) 4
- 2) $27\sqrt{3}$
- ✓ 3) 8
- 4) $1/8$

ব্যাখ্যা : $\text{Log}\sqrt{3} 81 = \text{Log}\sqrt{3}(\sqrt{3})^8 = 8 * \text{Log}\sqrt{3}\sqrt{3} = 8s$

14) $x - 1/x=1; x^3 - 1/x^3=?$

- 1) 1
- 2) 2
- 3) 3
- ✓ 4) 4

ব্যাখ্যা : $x^3 - 1/x^3$

$= (x-1/x)^3 + 3.x.1/x (x-1/x)$

$= (1)^3 + 3.1$

$= 4$

15) $1+3+5+\dots+(2x-1) = ?$

- 1) $x(x-1)$
- 2) $x(x+1)/2$
- 3) $x(x+1)$
- ✓ 4) x^2

ব্যাখ্যা : $1+3+5+\dots+(2x-1) = x^2$

16) যদি তেলের মূল্য ২৫% বাড়ে তাহলে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ ব্যয় বৃদ্ধি পাবে না ?

- 1) ১৬%
- ✓ 2) ২০%
- 3) ২৫%
- 4) ২৪%

ব্যাখ্যা : ২৫% বৃদ্ধিতে তেলের বর্তমান মূল্য ১২৫ টাকা

বর্তমানের ১২৫ টাকায় পাওয়া যায় আগের ১০০ টাকার তেল

বর্তমানের ১ টাকায় পাওয়া যায় আগের $100/125$ টাকার তেল

বর্তমানের ১০০ টাকায় পাওয়া যায় আগের $100 * 100 / 125 = 80$ টাকার তেল

অর্থাৎ তেলের ব্যবহার শতকরা $(100 - 80) = 20$ টাকা
বা 20% কমাতে হবে।

17) CALCUTTA শব্দটির বর্ণগুলোকে একত্রে নিয়ে বিন্যাস সংখ্যা AMERICA শব্দটির বর্ণগুলো একত্রে নিয়ে বিন্যাস সংখ্যার কত গুণ?

- ✓ 1) 2
- 2) 3
- 3) 4
- 4) 5

ব্যাখ্যা :

CALCUTTA শব্দটিতে মোট অক্ষর 8টি, যার মধ্যে 2 টি C, 2 টি A এবং 2 টি T।

সুতরাং মোট বিন্যাস সংখ্যা = $8!/(2!2!2!) = 7!$

সুতরাং, AMERICA

শব্দটিতে মোট অক্ষর 7টি, যার মধ্যে 2 টি A

সুতরাং মোট বিন্যাস সংখ্যা = $7!/2! = 7!/2$

অতএব, প্রথম শব্দটি দ্বিতীয়টির বিন্যাস সংখ্যা থেকে বেশি = $7!/(7!/2!) = 2$ গুণ

18) দুটি সংখ্যার গসাণ্ড 11 এবং লসাণ্ড 9900। একটি সংখ্যা 295 হলে, অপর সংখ্যাটি -

- 1) 318
- 2) 283
- ✓ 3) 308
- 4) 292

ব্যাখ্যা : মনে করি, অপর সংখ্যা = x ; সংখ্যাঙ্য়ের গুণফল = $295x$; প্রসন্নতে, $295x = 9900 \times 11$ $x = 308$

19) কলার দাম 20% কমে যাওয়ায় 12 টাকায় পূর্ব অপেক্ষা 2টি কলা বেশি পাওয়া গেলে বর্তমান একটি কলার দাম কত টাকা?

- ✓ 1) 1.2
- 2) 2.50
- 3) 4.50
- 4) 1.5

ব্যাখ্যা : 20% কমে , 100 টাকায় কমে 20 টাকা

অতএব 12 টাকায় কমে $(20 \times 12) \div 100 = 12/5$

2টি কলার বর্তমান দাম $12/5$ টাকা অতএব

1 টি কলার বর্তমান দাম $12/5 \times 2 = 1.2$ টাকা

20) $3/x + 4/(x+1)=2$, $x=?$

- 1) 1
- 2) 2
- ✓ 3) 3
- 4) 4

ব্যাখ্যা : $3/x + 4/(x+1)=2$
 $\Rightarrow \{3(x+1)+4x\}/x(x+1)=2$
 $\Rightarrow 2x^2+2x=7x+3$
 $\Rightarrow 2x^2+5x-3=0$
 $\Rightarrow 2x(x-3)+1(x-3)=0$
 $\Rightarrow (x-3)(2x+1)=0$
 $\Rightarrow x-3=0, 2x+1=0$
 $\Rightarrow x=3, x=-1/2$

21) ১০০ জন শিক্ষার্থীর পরিসংখ্যানে গড় নম্বর ৭০। এদের মধ্যে ৬০ জন ছাত্রীর গড় নম্বর ৭৫ হলে, ছাত্রদের গড় নম্বর কত ?

- 1) ৫৫.৫
- 2) ৬০.৫
- 3) ৬৫.৫
- ✓ 4) ৬২.৫

ব্যাখ্যা : ১০০ জন শিক্ষার্থীর গড় নম্বর= ৭০,
মোট নম্বর=(৭০*১০০)=৭০০০ ; ৬০ জন শিক্ষার্থীর গড় নম্বর= ৭৫,
মোট নম্বর=(৭৫*৬০)=৪৫০০ ; (১০০-৬০)বা ৪০ জনের মোট নম্বর= (৭০০০-৪৫০০)= ২৫০০ ;
ছাত্রের নম্বর= ২৫০০/৪০= ৬২.৫

22) $x-y=2$ এবং $xy=24$ হলে, x এর ধনাত্মক মানটি ১

- 1) ২
- 2) ৪
- 3) ৫
- ✓ 4) ৬

ব্যাখ্যা : দেয়া আছে, $x-y=2$ -----(1)
 $\Rightarrow (x+y)^2 = (x-y)^2 + 4xy$
 $\Rightarrow 2^2+4*24 \Rightarrow 10$ ----- (2);
(1) ও (2) নং সমীকরণ ১ যোগ করে পাই,
 $2x = 12$;
 $x=6$

23) $\log_a x = 1$, $\log_a z = 3$ হলে, $\log_a(x^2 y^2 / z) = ?$

- 1) 1
- 2) 2
- ✓ 3) 4
- 4) 5

ব্যাখ্যা : $\log_a x = 1$,

$x = a$; $x = a^n$ হলে, $x = a^n$ $\log_a y = 2$,

$y = a^2$ $\log_a z = 3$, $z = a^3$,

$\log_a(x^2 y^2 / z) = \log_a(a^3 a^4 / a^3) = \log_a a^4 = 4 \log_a a$

$= 4 * 1 = 4$

24) $\log_3(1/9) = ?$

- 1) 2
- ✓ 2) -2
- 3) 3
- 4) -3

ব্যাখ্যা : $\log_3(1/9) = \log_3(1/3^2) = \log_3 3^{-2} = -2 \log_3 3 = -2 * 1 = -2$

25) ১৪ জন খেলোয়াড়ের মধ্যে থেকে নির্দিষ্ট একজন অধিনায়কসহ ১১ জনের একটি ক্রিকেট দল কতভাবে বাছাই করা যাবে ?

- 1) ৭২৮
- ✓ 2) ২৮৬
- 3) ৩৬৪
- 4) ১০০১

ব্যাখ্যা : ১৪ জন খেলোয়াড়ের মধ্যে থেকে নির্দিষ্ট একজন অধিনায়ক বাছাই করার পর বাকি (১৪-১) বা ১৩ জন হতে (১১-১) বা ১০ জনকে বাছাই করে ১১ জনের দল গঠনের উপায় = ${}^{13}C_{10} = (13 * 12 * 11) / (3 * 2 * 1) = 286$

26) ২ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্তের অন্তঃস্থ একটি বর্গক্ষেত্রের চারটি বাহু এবং বৃত্তটি দ্বারা আবদ্ধ অঞ্চলের ক্ষেত্রফল কত বর্গ সে.মি?

- ✓ 1) $4\pi - 8$
- 2) $4\pi + 8$
- 3) $2\pi - 4$
- 4) $2\pi + 4$

ব্যাখ্যা :

$$\text{বৃত্তের ক্ষেত্রফল} = \pi r^2 = 4\pi \text{ বর্গসেমি}$$

$$\text{চতুর্ভুজের ক্ষেত্রফল} = \text{কর্ণের বর্গ}/2$$

$$= 16/2 = 8 \text{ বর্গসেমি}$$

27) ৫০ জন লোকের মধ্যে ৩৫ জন ইংরেজী, ২৫ জন ইংরেজী ও বাংলা উভয়ই এবং প্রত্যেকেই দুটি ভাষার অন্তর্গত একটি ভাষায় কথা বলতে পারেন। বাংলায় কতজন কথা বলতে পারেন ?

- 1) ১০
- 2) ১৫
- ✓ 3) ৪০
- 4) ৩০

ব্যাখ্যা : ৫০ জন লোকের মধ্যে ইংরেজীতে কথা বলে ৩৫ জন।

শুধু বাংলায় কথা বলে = ৫০ - ৩৫ = ১৫ জন ; বাংলা ও ইংরেজী উভয় ভাষায় কথা বলে ২৫ জন।

বাংলায় মোট কথা বলে = ২৫ + ১৫ = ৪০ জন।

28) একটি গুণোত্তর অনুক্রমে ২য় পদটি ৪৮ এবং ৫ম পদটি ৩/৪ হলে সাধারণ অনুপাত কত ?

- 1) ১/২
- 2) -১/২
- ✓ 3) ১/৪
- 4) -১/৪

ব্যাখ্যা : আমরা জানি, গুণোত্তর ক্রমের প্রথম পদ a এবং সাধারণ অনুপাত r হলে n তম পদ = ar^{n-1} ;

২য় পদ $ar^{2-1} = -৪৮$;

৫ম পদ $ar^{5-1} = ৩/৪$ $ar^4 : ar = 3/4 : -48$; $r = 1/4$

29) ৬০ লিটার ফলের রসে আম ও কমলার অনুপাত ২ : ১। কমলার রসের পরিমাণ কত লিটার বৃদ্ধি করলে অনুপাতটি ১ : ২ হবে ?

- 1) ৪০
- 2) ৫০
- ✓ 3) ৬০
- 4) ৭০

ব্যাখ্যা : মিশ্রনে আমের রসের পরিমাণ = $৬০/(২+১) * ২ = ৪০$ লিটার ;

মিশ্রনে কমলার রসের পরিমাণ = $৬০/(২+১) * ১ = ২০$ লিটার ;

ধরি, কমলার রসের পরিমাণ বৃদ্ধি করতে হবে = x লিটার।

প্রসঙ্গত, $৪০(২০+x) = ১ : ২$

$$\Rightarrow ৪০/(২০+x) = ১/২$$

$$\Rightarrow ২০+x = ৮০$$

$$\Rightarrow x = ৬০ \text{ লিটার}$$

30) $x^{-3} - 0.001 = 0$ হলে, $x^2 = ?$

- ✓ 1) 100
- 2) 1/10 10
- 3) 1/100

ব্যাখ্যা : $x^{-3} - 0.001 = 0$
 $x^{-3} \Rightarrow 1/x^3 - 1/1000 = 0$
 $\Rightarrow 1/x^3 = 1/10^3$
 $\Rightarrow x^3 = 10^3$
 $\Rightarrow x = 10$
 $\Rightarrow x^2 = 10^2$
 $= 100$

31) $|x-3| < 5$ হলে,

- 1) $2 < x < 8$
- ✓ 2) $-2 < x < 8$
- 3) $-8 < x < -2$
- 4) $-4 < x < -2$

ব্যাখ্যা : $|x-3| < 5 \Rightarrow -5 < x-3 < 5$
 $\Rightarrow -5+3 < x-3+3 < 5+3$
 $\Rightarrow -2 < x < 8$

♣ উত্তরপত্র

৩৭-৩৮ তম বিসিএস গণিত

Total questions : 30 Total marks : 30

1) 30 থেকে 40 পর্যন্ত সংখ্যা থেকে যেকোনো একটিকে ইচ্ছামত নিলে সে সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুণিতক হওয়ার সম্ভাবনা কত?

- ✓ 1) 5/11
- 2) 3/5
- 3) 1/2
- 4) 6/11

ব্যাখ্যা :

30 থেকে 40 পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো : 31,37

30 " 40 " 5 এর গুণিতক সংখ্যাগুলো : 30,35,40

∴ 30 থেকে 40 পর্যন্ত মোট সংখ্যা 11 টি

$$\begin{aligned} \therefore P (\text{সংখ্যাটি মৌলিক অথবা 5 এর গুণিতক}) &= (2+3)/11 \\ &= 5/11 \end{aligned}$$

2) একজন লোক একটি নির্দিষ্ট স্থান A থেকে যাত্রা শুরু করে ১২ কিলোমিটার উত্তর দিকে গেল এবং সেখান থেকে ৫ কিলোমিটার পূর্ব দিকে গেল। যাত্রা শেষে সে A অবস্থান থেকে কত দূরে থাকবে ?

- 1) ১৭ কি.মি.
- 2) ১৪ কি.মি.
- 3) ১৫ কি.মি.
- ✓ 4) ১৩ কি.মি.

ব্যাখ্যা : ধরি সে 12km উত্তরে B বিন্দুতে গেল তারপর 5km পূর্বে (৯০ ডিগ্রী খুরে) C তে গেল। AC বের করতে হবে।

ABC ত্রিভুজে $\angle C = 90^\circ$

AC হল তার অতিভুজ।

পিথাগোরাস এর সূত্র মতে $AC^2 = AB^2 + BC^2 = 12^2 + 5^2 = 169$

so, $AC = \sqrt{169} = 13$

3) দুই অঙ্কবিশিষ্ট একটি সংখ্যা অঙ্কদ্বয়ের স্থান বিনিময়ের ফলে 54 বৃদ্ধি পায়। অঙ্কদুটির যোগফল 12 হলে সংখ্যাটি কত?

- 1) 57
- 2) 75
- ✓ 3) 39
- 4) 93

ব্যাখ্যা : ধরি অঙ্ক দুটি x এবং y । অতএব সংখ্যাটি = $10x+y$ ।

প্রসঙ্গত, $(10x+y) + 54 = 10y+x \Rightarrow 9x-9y = -54 \dots i$ আবার, $x+y = 12 \dots ii$ ।

i এবং ii হতে $x = 3$ এবং $y = 9$ । অতএব সংখ্যাটি = $10 \times 3 + 9 = 39$ ।

অথবা শুদ্ধি পরীক্ষা করে, 39 এ অঙ্কের স্থান বিনিময় করলে 93 এবং $93-39 = 54$ এবং $9+3 = 12$ ।

4) কোন আসল 3 বছরে মুনাফা-আসলে 5500 টাকা হয়। মুনাফা আসলের $3/8$ অংশ হলে মুনাফার হার কত?

- 1) 12%
- ✓ 2) 12.5%
- 3) 10%
- 4) 15%

ব্যাখ্যা :

ধরি, আসল 8 টাকা

মুনাফা (8 এর $3/8$) টাকা

$$= 3$$

মুনাফা - আসল (8+3) টাকা

$$= 11 \text{ টাকা}$$

মুনাফা - আসল 11 টাকা হলে মুনাফা 3 টাকা

$$5500 \text{ " " " } (5500 \times 3) / 11$$

$$= 1500$$

আসল = $(5500 - 1500)$ টাকা = 4000 টাকা

মুনাফার হার $r = \{(1500 \times 100) / (4000 \times 3)\} \%$

$$= 12.5\%$$

5) $2^x + 2^{1-x} = 3$ হলে, $x =$ কত?

- 1) (1,2)
- 2) (0,2)
- 3) (1,3)
- ✓ 4) (0,1)

ব্যাখ্যা :

$$\begin{aligned}2^x + 2^{1-x} &= 3 \\ \Rightarrow 2^x + (2^1/2^x) &= 3 \\ \Rightarrow a + 2/a &= 3 \quad [2^x = a \text{ ধরে}] \\ \Rightarrow a^2 + 2 &= 3a \\ \Rightarrow a^2 - 3a + 2 &= 0 \\ \Rightarrow a^2 - 2a - a + 2 &= 0 \\ \Rightarrow a(a-2) - 1(a-2) &= 0 \\ \Rightarrow (a-2)(a-1) &= 0\end{aligned}$$

এখন, $a - 2 = 0$

$$\therefore a = 2$$

$$\Rightarrow 2^x = 2$$

$$\Rightarrow 2^x = 2^1$$

$$\Rightarrow x = 1$$

এবং $a - 1 = 0$

$$a = 1$$

$$2^x = 1$$

$$2^x = 2^0$$

$$x = 0$$

$$\therefore x = (0,1)$$

6) $A = \{x \mid x \text{ ধনাত্মক পূর্ণসংখ্যা এবং } x^2 < 25\}$ $B = \{x \mid x \text{ মৌলিক সংখ্যা এবং } x^2 < 25\}$ $C = \{x \mid x \text{ মৌলিক সংখ্যা এবং } x^2 < 25\}$ হলে, $A \cap B \cap C = ?$

- 1) {1,2,3,4}
- 2) {2,3,4}
- 3) {2,3,4,5}
- ✓ 4) \emptyset

ব্যাখ্যা : $A \cap B \cap C = \{1,2,3,4\} \cap \{2,3\} \cap \{5\} = \emptyset$

7) একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?

- 1) $(2/3) a^2$
- 2) $(\sqrt{3}/2) a^2$
- 3) $(2/\sqrt{3})a^2$
- ✓ 4) $(\sqrt{3}/4) a^2$

ব্যাখ্যা :

সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য a একক হলে সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল $(\sqrt{3}/4) a^2$ বর্গ একক।

8) $x^2-5x+6<0$ হলে-

- ✓ 1) $2<x<3$
- 2) $-3<x<-2$
- 3) $x<2$
- 4) $x<3$

ব্যাখ্যা : $x^2-5x+6=0 \Rightarrow x^2-3x-2x+6=0 \Rightarrow x(x-3)-2(x-3)=0 \Rightarrow (x-3)(x-2)=0$

9) সেট $A = \{x: x \text{ Fibonacci সংখ্যা এবং } x^2 < 64\}$ হলে, $P(A)$ এর উপাদান কয়টি?

- 1) 168
- ✓ 2) 32
- 3) 256
- 4) 64

ব্যাখ্যা :

$A = \{x: x \text{ Fibonacci সংখ্যা এবং } x^2 < 64\}$

$\therefore A = \{0, 1, 2, 3, 5\}$ [Fibonacci ধারা : 0, 1, 1, 2, 3, 5, 8, 13, ...]

এখানে, A এর উপাদান সংখ্যা $n = 5$

$\therefore P(A)$ এর উপাদান সংখ্যা $= 2^n = 2^5 = 32$

10) একটি গুণোত্তর অনুক্রমে তৃতীয় পদটি ২০ এবং ষষ্ঠ (৬ তম) পদটি ১৬০ হলে প্রথম পদটি-

- ✓ 1) 5
- 2) 10
- 3) 12
- 4) 8

ব্যাখ্যা : $ar^2=20$; $a \cdot 2^2=20$; $a=5$ $ar^5/ar^2=160/20$; $r=2$

11) মি. রেজা তাঁর সম্পদের 12% স্ট্রীকে, 58% ছেলেকে এবং অবশিষ্ট 720000/- টাকা মেয়েকে দিলেন। তার সম্পদের মোট মূল্য কত ?

- ✓ 1) 2400000 টাকা
- 2) 2000000 টাকা
- 3) 1200000 টাকা
- 4) 1600000 টাকা

ব্যাখ্যা :

মা স্ট্রী ও ছেলেকে সম্পদ দেওয়ার পর অবশিষ্ট সম্পদের পরিমাণ (100-12-58)%

$$=(100-70)\% = 30\%$$

$$30\% \text{ সম্পদের মূল্য} = 720000 \text{ টাকা}$$

$$\therefore 100\% \quad \quad \quad = (720000 \times 100\%) / 30\%$$

$$= 2400000 \text{ টাকা}$$

12) একটি থলিতে 5টি নীল বল, 6টি সাদা বল এবং 9টি কালো বল আছে। দৈবভাবে একটি বল তুললে সেটি নীল না হওয়ার সম্ভাবনা কত?

- 1) 1/3
- 2) 1/4
- ✓ 3) 3/4
- 4) 2/3

ব্যাখ্যা : নীল বল = 5টি

সাদা বল = 6টি

কালো বল = 9টি

$$\begin{aligned} \text{মোট বল} &= (5 + 6 + 9) \text{টি} \\ &= 20 \text{ টি} \end{aligned}$$

$$\text{নীল হওয়ার সম্ভাবনা} = 5/20$$

$$= 1/4$$

$$\text{নীল না হওয়ার সম্ভাবনা} = 1 - 1/4$$

$$= (4 - 1)/4$$

$$= 3/4$$

13) $x = \sqrt{3} + \sqrt{2}$ হলে, $x^3 + 1/x^3$ এর মান কত?

- 1) $3\sqrt{2}$
- ✓ 2) $18\sqrt{2}$
- 3) $12\sqrt{3}$
- 4) 8

ব্যাখ্যা :

$$x = \sqrt{3} + \sqrt{2}$$

$$\Rightarrow 1/x = 1/(\sqrt{3} + \sqrt{2})$$

$$= (\sqrt{3} - \sqrt{2}) / \{(\sqrt{3} + \sqrt{2}) - (\sqrt{3} - \sqrt{2})\}$$

$$= (\sqrt{3} - \sqrt{2}) / \{(\sqrt{3})^2 - (\sqrt{2})^2\}$$

$$\Rightarrow 1/x = (\sqrt{3} - \sqrt{2}) / (3 - 2)$$

$$\therefore 1/x = \sqrt{3} - \sqrt{2}$$

$$\therefore x + 1/x = \sqrt{3} + \sqrt{2} + \sqrt{3} - \sqrt{2} = 2\sqrt{3}$$

$$\text{এখন, } x^3 + 1/x^3 = (x + 1/x)^3 - 3 \cdot x \cdot 1/x (x + 1/x)$$

$$= (2\sqrt{3})^3 - 3 \times 2\sqrt{3}$$

$$= 8 \times 3\sqrt{3} - 6\sqrt{3}$$

$$= 24\sqrt{3} - 6\sqrt{3}$$

$$= 18\sqrt{3}$$

14) 100 টাকায় 10 টি ডিম কিনে 100 টাকায় 8 টি ডিম বিক্রয় করলে শতকরা লাভ কত হবে?

- 1) 16%
- 2) 20%
- ✓ 3) 25%
- 4) 28%

ব্যাখ্যা : 1 টি ডিমের ক্রয়মূল্য (100/10) টাকা = 10 টাকা

1 টি ডিমের বিক্রয়মূল্য (100/8) টাকা = 12.5 টাকা

লাভের পরিমাণ = (12.5 - 10) টাকা = 2.5 টাকা

অতএব লাভের হার = (2.5 * 100) / 10

= 25%

15) একটি কোণের মান তার পূরক কোণের মানের অর্ধের সমান। কোনটির মান কত?

- 1) 45°
- 2) 60°
- ✓ 3) 30°
- 4) 25°

ব্যাখ্যা :

ধরি, একটি কোণ x

কোণটির পূরক কোণ $(90^\circ - x)$

$$\therefore x = (90^\circ - x)/2$$

$$\Rightarrow 2x = 90^\circ - x$$

$$\Rightarrow 2x + x = 90^\circ$$

$$\Rightarrow 3x = 90^\circ$$

$$\Rightarrow x = 90^\circ/3$$

$$\therefore x = 30^\circ$$

16) ১০ টি জিনিসের মধ্যে ২ টি এক জাতীয় এবং বাকীগুলো ভিন্ন ভিন্ন জিনিস। ঐ জিনিসগুলো থেকে প্রতিবারের ৫ টি নিয়ে কত প্রকারে বাছাই করা যায় ?

1) 170

✓ 2) 182

3) 190

4) 192

ব্যাখ্যা : ${}^8C_5 \rightarrow 8!/3!*5! = 8*7*6*5!/6*5! = 56$; $(8!/4!*4!)*(2!/1!*1!) = 8*7*6*5*4!/24*4! = 126$; $\Rightarrow 126 + 56 = 182$

17) ২৬১ টি আম তিন ভাইয়ের মধ্যে $1/3$: $1/5$: $1/9$ অনুপাতে ভাগ করে দিলে প্রথম ভাই কতটি আম পাবে ?

1) 45

2) 81

3) 90

✓ 4) 135

ব্যাখ্যা : ভাইদের মধ্যে আমগুলোর অনুপাত = $1/3$: $1/5$: $1/9 = (1/3 \times 45) : (1/5 \times 45) : (1/9 \times 45) = 15:9:5$

অনুপাতের রাশিগুলোর যোগফল = $(15 + 9 + 5) = 29$

অতএব প্রথম ভাই আম পাবে $(261 \text{ এর } 15/29) \text{ টি} = 135 \text{ টি}$

18) $x^2 - 3x + 1 = 0$ হলে, $(x^2 - 1/x^2)$ এর মান-

1) $5\sqrt{3}$

✓ 2) $3\sqrt{5}$

3) $4\sqrt{5}$

4) $6\sqrt{5}$

ব্যাখ্যা : $x^2 - 3x + 1 = 0$; $(x + 1/x) = 3$; $(x - 1/x) = \sqrt{5}$; $(x^2 - 1/x^2) = (x + 1/x)(x - 1/x) = 3\sqrt{5}$

19) ১৭ সে.মি., ১৫ সে.মি., ৮ সে.মি বাহুবিশিষ্ট ত্রিভুজটি হবে-

- 1) সমদ্বিবাহু
- 2) সমবাহু
- ✓ 3) সমকোণী
- 4) স্থূলকোণী

ব্যাখ্যা : এখানে,

$$(১৭)^২ = ২৮৯$$

আবার,

$$(১৫)^২ + (৮)^২ = ২২৫ + ৬৪ \\ = ২৮৯$$

ত্রিভুজটি সমকোণী ত্রিভুজ।

20) $\log_x(3/2) = -(1/2)$ হলে, x এর মান _____

- ✓ 1) 4/9
- 2) 9/4
- 3) $\sqrt{3/2}$
- 4) $\sqrt{2/3}$

$$\log_x \left(\frac{3}{2} \right) = -\frac{1}{2}$$

$$\Rightarrow \left(x \right)^{-\frac{1}{2}} = \frac{3}{2}$$

ব্যাখ্যা :

$$\Rightarrow \frac{1}{x^{1/2}} = \frac{3}{2}$$

$$\Rightarrow \frac{1}{\sqrt{x}} = \frac{3}{2}$$

$$\Rightarrow 3\sqrt{x} = 2$$

$$\Rightarrow 9x = 4$$

$$\therefore x = \frac{4}{9}$$

21) 4 জন মহিলা ও 6 জন পুরুষের মধ্য থেকে 4 সদস্যবিশিষ্ট একটি উপ-কমিটি গঠন করতে হবে যাতে 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদাই উপস্থিত থাকেন। কত প্রকারে ঐ কমিটি গঠন করা যেতে পারে?

- 1) 304
- 2) 210
- ✓ 3) 84

4) 120

ব্যাখ্যা :

যেহেতু 1 জন নির্দিষ্ট পুরুষ সর্বদাই উপস্থিত থাকবে সেহেতু অবশিষ্ট 5 জন পুরুষ ও 4 জন মহিলা হতে 3 সদস্যবিশিষ্ট উপ-কমিটি গঠন করা যায় = $(5+4)C_3$ উপায়ে
= 9C_3
= $3!/(9-3)!$
= $9!(3!6!)$
= $(9 \times 8 \times 7 \times 6!)/(3 \times 2 \times 1 \times 6!)$
= 84 উপায়ে

22) টাকায় 5 টি মার্বেল বিক্রয় করায় 12 % ক্ষতি হয়। 10% লাভ করতে হলে টাকায় কয়টি বিক্রয় করতে হবে?

- ✓ 1) 4 টি
- 2) কোনটিই নয়
- 3) 3 টি
- 4) 2 টি

ব্যাখ্যা :

12% ক্ষতিতে বিক্রয়মূল্য (100-12) টাকা
= 88 টাকা

বিক্রয়মূল্য 88 টাকা হলে ক্রয়মূল্য 100 টাকা

$$1 \qquad 100/88$$

10% লাভে বিক্রয়মূল্য (100+10) টাকা

$$= 110$$

ক্রয়মূল্য 100 টাকা হলে বিক্রয়মূল্য 110 টাকা

$$1 \qquad 110/100 "$$

$$100/88 \qquad (110/100) \times (100/88) "$$

$$= 110/88 \text{ টাকা}$$

110/88 টাকায় বিক্রয় করতে হবে 5 টি মার্বেল

$$(5 \times 88)/110 "$$

= 4 টি মার্বেল

23) কোন সংখ্যাটি নিম্নোক্ত ধারার অন্তর্ভুক্ত নয় ? ১-২-৫-১০-১৩-২৬-২৯-৪৮

- 1) ১
- 2) ২৯
- 3) ১০
- ✓ 4) ৪৮

ব্যাখ্যা : $১*২+৩=৫$, $২*২+৬=১০$, $৫*২+৩=১৩$, $১০*২+৬=২৬$, $১৩*২+৩=২৯$, $২৬*২+৬=৫৮$ সুতরাং ৪৮ এর স্থলে ৫৮ হবে।

24) ৫-এর কত শতাংশ ৭ হবে?

- 1) ৯০
- 2) ১২৫
- 3) ৪০
- ✓ 4) ১৪০

ব্যাখ্যা : ধরি, নির্ণেয় শতাংশ = x প্রসঙ্গতঃ,

৫ এর $x\%$ = ৭

=> ৫ এর $x / ১০০ = ৭$

=> $x = (৭ \times ১০০) / ৫$

∴ $x = ১৪০$

25) দুটি সংখ্যার অনুপাত 2 : 3 এবং গ.সা.গু. 4 হলে বৃহত্তর সংখ্যাটি কত?

- 1) 6
- ✓ 2) 12
- 3) 8
- 4) 16

ব্যাখ্যা :

ধরি, সংখ্যা দুটি $2x$ ও $3x$

$2x$ ও $3x$ এর গ.সা.গু = x

∴ $x = 4$

বৃহত্তম সংখ্যাটি = $(3 \times 4) = 12$

26) $\log_x(1/8) = -2$ হলে $x =$ কত?

- 1) 2
- 2) $\sqrt{2}$
- ✓ 3) $2\sqrt{2}$
- 4) 4

ব্যাখ্যা :

$$\log_x(1/8) = -2$$

$$\Rightarrow x^{-2} = 1/8 \quad [\because x = \log_a N \text{ হলে } a^x = N]$$

$$\Rightarrow 1/x^2 = 1/8$$

$$\Rightarrow x^2 = 8$$

$$\Rightarrow x^2 = (2\sqrt{2})^2$$

$$\therefore x = 2\sqrt{2} \quad [\because \text{পাওয়ার বা ঘাত সমান}]$$

27) ১৩ সে.মি ব্যাসার্ধ বিশিষ্ট বৃত্তের একটি জ্যা এর দৈর্ঘ্য ২৪ সে.মি হলে কেন্দ্র থেকে উক্ত জ্যা এর লম্ব দূরত্ব কত সে.মি ?

- 1) ৩
- 2) ৪
- ✓ 3) ৫
- 4) ৬

ব্যাখ্যা : কেন্দ্র থেকে জ্যা এর উপর লম্ব টানলাম OD. ব্যাসার্ধ ১৩ সে মি, জ্যা এর অর্ধেক ১২ সে মি। অতএব $OD = \sqrt{(13^2 - 12^2)} = 5$

28) ১ থেকে ১০০ পর্যন্ত সংখ্যাসমূহের যোগফল কত ?

- 1) ৪৯৯৯
- 2) ৫৫০১
- ✓ 3) ৫০৫০
- 4) ৫০০১

ব্যাখ্যা : আমরা জানি, সমান্তর ধারায় যোগফল নির্ণয়ের সূত্র, $1+2+3+4+\dots+n = n(n+1)/2 \Rightarrow 1+2+3+4+\dots+100 = 100(100+1)/2 \Rightarrow 5050$

29) একটি সমান্তর ধারার অনুক্রমে সাধারণ অন্তর ১০ এবং ৬ তম পদটি ৫২ হলে, ১৫ তম পদটি-

- 1) 140
- ✓ 2) 142
- 3) 148
- 4) 150

ব্যাখ্যা : ১৫ তম পদটি = $a = 14d = 2 + 14 \cdot 10 = 142$

30) একটি আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য ১৫ মি প্রস্থ ১০ মি হলে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গমিটার ?

- 1) $35\sqrt{5}$
- 2) $40\sqrt{5}$
- 3) $45\sqrt{5}$
- ✓ 4) $50\sqrt{5}$

ব্যাখ্যা : আয়তক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $(15)^2 = (\sqrt{a^2 + b^2})^2$;

$\Rightarrow 225 = (a^2 + 10^2)$;

$\Rightarrow 225 - 100 = a^2$; $a = 5\sqrt{5}$;

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $ab = 5\sqrt{5} \cdot 10 = 50\sqrt{5}$

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন [হ্যালো বিসিএস এপে](https://www.hellobcsc.com)। ওয়েবসাইট এন্ট্রান্স দিতে ভিজিট করুনঃ [live.hellobcsc.com](https://www.hellobcsc.com)

Hello BCS

♣ উত্তরপত্র

৩৯-৪০ তম বিসিএস গণিত

Total questions : 29 Total marks : 29

1) পনির ও তপনের আয়ের অনুপাত ৪ : ৩। তপন ও রবিনের আয়ের অনুপাত ৫ : ৪। পনিরের আয় ১২০ টাকা হলে, রবিনের আয় কত?

- 1) ৩৬ টাকা
- 2) ১২ টাকা
- 3) ৭৫ টাকা
- ✓ 4) ৭২ টাকা

ব্যাখ্যা : ধরি রবিনের আয় ক টাকা

পনিরঃতপন = ৪ঃ৩ = ২০ঃ১৫ (৫ দ্বারা গুণ)।

তপনঃরবিন = ৫ঃ৪ = ১৫ঃ১২ (৩ দ্বারা গুণ)

পনিরঃতপনঃরবিন = ২০ঃ১৫ঃ১২।

পনির/রবিন = ২০/১২

বা ১২০/ক = ২০/১২

বা ,ক = ৭২

2) নিচের কোন পূর্ণ সংখ্যাটিকে ৩, ৪, ৫ এবং ৬ দ্বারা ভাগ করলে যথাক্রমে ১, ২, ৩ ও ৪ অবশিষ্ট থাকে?

- 1) ৪৮
- 2) ৫৪
- ✓ 3) ৫৮
- 4) ৬০

ব্যাখ্যা : এখানে,

৫৮ কে ৩ দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে = ১, ভাগফল = ১৯

৫৮ কে ৪ দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে = ২, ভাগফল = ১৪

৫৮ কে ৫ দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে = ৩, ভাগফল = ১১

৫৮ কে ৬ দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে = ৪, ভাগফল = ৯

(এখানে যেকোনো একটি অপশন বেছে নিলেই হয়ে যাবে)

3) $x^{x^x} = (x\sqrt{x})^x$ হলে, x এর মান কত?

- 1) 3/2
- 2) 4/5
- ✓ 3) 9/4
- 4) 2/3

ব্যাখ্যা :

Back Solve Method প্রয়োগ করে $x = 9/4$ বিবেচনা করি -

$$\begin{aligned} \text{L.H.S} &= x^{x^{\sqrt{x}}} \\ &= (9/4)^{9/4^{\sqrt{9/4}}} \\ &= (9/4)^{9/4^{3/2}} \\ &= (9/4)^{3/2^{2 \times (3/2)}} \\ &= (9/4)^{3/2^3} \\ &= (9/4)^{27/8} \\ &= (3/2)^{2 \times 27/8} \\ &= (3/2)^{27/4} \end{aligned}$$

$$\text{R.H.S} = (x\sqrt{x})^x$$

$$= (9/4 \sqrt{9/4})^{9/4}$$

$$= (9/4 \times 3/2)^{9/4}$$

$$= \{(3^2 \times 3)/(2^2 \times 2)\}^{9/4}$$

$$= (3/2)^{3 \times (9/4)}$$

$$= (3/2)^{27/4}$$

$$\therefore \text{L.H.S} = \text{R.H.S}$$

সুতরাং সঠিক উত্তর (গ)

4)

${}^n C_{12} = {}^n C_6$ হলে n এর মান কত?

- ✓ 1) 18
- 2) 14
- 3) 16
- 4) 12

ব্যাখ্যা :

$${}^n C_{12} = {}^n C_6$$

$$\therefore n = 12 + 6 = 18 \quad [\because {}^n C_x = {}^n C_y \text{ হলে, } x = y \text{ অথবা } x + y = n \text{ হবে}]$$

5) ৪৫০ টাকা বার্ষিক ৬% সুদে কত বছরে সুদে-আসলে ৫৫৮ টাকা হবে?

- 1) ৩ বছরে

- ✓ 2) 8 বছরে
- 3) ৫ বছরে
- 4) ৬ বছরে

ব্যাখ্যা :

১০০ টাকার ১ বছরের সুদ ৬ টাকা

৪৫০ টাকার ১ বছরের সুদ $(৬ \times ৪৫০) / ১০০ = ২৭$ টাকা

সুদ $= (৫৫৮ - ৪৫০) = ১০৮$ টাকা

২৭ টাকা সুদ হয় ১ বছরে

১০৮ টাকা সুদ হয় $(১ \times ১০৮) / ২৭ = ৪$ বছরে

6) $০.৪ \times ০.০২ \times ০.০৮ = ?$

- ✓ 1) ০.০০০৬৪
- 2) ০.৬৪০০০
- 3) ০.০৬৪০০
- 4) ৬.৪০০০০

ব্যাখ্যা : $০.৪ \times ০.০২ \times ০.০৮$

$= ০.০০৮ \times ০.০৮$

$= ০.০০০৬৪$

7) বার্ষিক শতকরা ১০% হারে ১০০০ টাকার ২ বছর পর সরল ও চক্রবৃদ্ধির মুনাফার পার্থক্য কত?

- 1) ১১ টাকা
- 2) ১১.৫ টাকা
- 3) ১২ টাকা
- ✓ 4) ১০ টাকা

ব্যাখ্যা :

সরল মুনাফা, $I = ১০০০$

$$\times 2 \times \frac{10}{100} = 200$$

$$I_C = 1000 \left\{ \left(1 + \frac{10}{100} \right)^2 - 1 \right\}$$

$$= 1000 \left(\frac{121}{100} - 1 \right)$$

$$= \frac{1000 \times 21}{100} = 210$$

টাকা \therefore সরল ও চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য $= (210 - 200)$ টাকা $= 10$ টাকা।

8) যদি $x^4 - x^2 + 1 = 0$ হয়, তবে $x^3 + 1/x^3 = ?$

- 1) 3

- 2) 2
- 3) 1
- ✓ 4) 0

ব্যাখ্যা :

$$(x)^4 - (x)^2 + 1 = 0$$

$$\text{বা, } (x^4 + 1)/x^2 = 1$$

$$\text{বা, } x^2 + 1/x^2 = 1$$

$$\text{বা, } (x + 1/x)^2 - 2 \cdot x \cdot 1/x = 1$$

$$\text{বা, } (x + 1/x) = \sqrt{3}$$

$$= (x + 1/x)^3 - 3 \cdot x \cdot 1/x \cdot (x + 1/x)$$

$$= 3\sqrt{3} - 3\sqrt{3} = 0$$

9) নিচের কোনটি মৌলিক সংখ্যা ?

- ✓ 1) 89
- 2) ৮৭
- 3) ১৪৩
- 4) ৯১

ব্যাখ্যা : যে সংখ্যাকে ১ এবং ঐ সংখ্যা ছাড়া অন্য কোনো সংখ্যা দ্বারা নিঃশেষে ভাগ করা যায় না , তাকে মৌলিক সংখ্যা বলে। এখানে ৪৭ সংখ্যাটি হচ্ছে মৌলিক সংখ্যা।

10) একটি মটর সাইকেল ১২% ক্ষতিতে বিক্রি করা হলো। যদি বিক্রয় মূল্য ১২০০ টাকা বেশি হতো, তাহলে ৮% লাভ হতো। মটর সাইকেলের ক্রয় মূল্য-

- ✓ 1) ৬০০০ টাকা
- 2) ৫০০০ টাকা
- 3) ৪০০০ টাকা
- 4) ৮০০০ টাকা

ব্যাখ্যা :

ধরি, ক্রয়মূল্য ১০০ টাকা

∴ ১২% ক্ষতিতে, বিক্রয়মূল্য = ১০০ - ১২ = ৮৮ টাকা ৮% লাভে, বিক্রয়মূল্য = ১০০ + ৮ = ১০৮ টাকা

সুতরাং, উভয় বিক্রয়মূল্যের পার্থক্য = ১০৮ - ৮৮ = ২০ টাকা

বিক্রয়মূল্যের পার্থক্য ২০ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

১	১০০/২০ "
১২০০	১০০ × ১২০০/২০

= ৬০০০ টাকা

11) $\text{Cos}(n\pi/2)$ অনুক্রমটির চতুর্থ পদ কোনটি?

- 1) -1
- ✓ 2) 1
- 3) 1/2
- 4) 0

ব্যাখ্যা :

ধারাটির চতুর্থ পদ = $\text{Cos}(4\pi/2)$ [$\because n = 4$]

= $\cos 2\pi$

= $\cos 360^\circ$ [$\because \pi = 180$]

= 1

12) $|1-2x| < 1$ এর সমাধান -

- 1) -2
- 2) -1
- ✓ 3) 0
- 4) -1

ব্যাখ্যা :

অঋণাত্মক হলে,

$$1 - 2x < 1$$

$$\Rightarrow -2x < 0$$

$$\Rightarrow 2x > 0$$

$$\therefore x > 0$$

ঋণাত্মক হলে, $-(1-2x) < 1$

$$\Rightarrow 1 - 2x > -1$$

$$\Rightarrow -2x > -1-1$$

$$\Rightarrow -2x > -2$$

$$\Rightarrow 2x < 2$$

$$\therefore x < 1$$

\therefore নির্ণেয় সমাধান : $0 < x < 1$

13) একটি আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ১৮ সেমি, এবং প্রস্থ ১০ সেমি। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য বৃদ্ধি করে ২৫ সেমি করা হলো। আয়তক্ষেত্রটির প্রস্থ কত হলে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকবে?

- ✓ 1) ৭.২ সেমি
- 2) ৭.৩ সেমি
- 3) ৭.১ সেমি
- 4) ৭ সেমি

ব্যাখ্যা : অপরিবর্তিত অবস্থায় ক্ষেত্রফল $18 \times 10 = 180$ বর্গ সেমি। ধরি, পরিবর্তিত অবস্থায় প্রস্থ x সেমি।
∴ $25 \times x = 180 \Rightarrow x = \frac{180}{25}$ ∴ $x = 7.2$

14) নিচের কোনটি অমূলদ সংখ্যা?

- 1) 0.4
- ✓ 2) $\sqrt{7}$
- 3) 5.639
- 4) $\sqrt{(27/48)}$

ব্যাখ্যা : (ক) 0.4 (মূলদ সংখ্যা)

[সকল দশমিক পৌনঃপুনিক সংখ্যাই মূলদ সংখ্যা]

(খ) $\sqrt{7} = \sqrt{7}$ এর মান p/q আকারে প্রকাশ করা যায় না। [অমূলদ সংখ্যা]

(গ) 5.639 [মূলদ সংখ্যা]

(ঘ) $\sqrt{(27/48)} = \sqrt{\{(3 \times 8)/(3 \times 16)\}} = 3/4$

15) $3x-2 > 2x-1$ এর সমাধান সেট কোনটি?

- 1) $[-1/2, \infty)$
- ✓ 2) $(1, \infty)$
- 3) $[1/2, \infty)$
- 4) $[-1, \infty)$

ব্যাখ্যা :

$$3x-2 > 2x-1$$

$$\Rightarrow 3x-2x > 2-1$$

$$\Rightarrow x > 1$$

∴ নির্ণেয় সমাধান সেটঃ $(1, \infty)$

16) $0.8 \times 0.02 \times 0.08 = ?$

- ✓ 1) 0.00068
- 2) 0.68000
- 3) 0.06800
- 4) 6.80000

ব্যাখ্যা :

$$\begin{aligned} &0.8 \times 0.02 \times 0.08 \\ &= (8/10) \times (2/100) \times (8/100) \\ &= 0.00068 \end{aligned}$$

17) 6 জন খেলোয়াড়কে সমান সংখ্যক দুইটি দলে কত ভাবে বিভক্ত করা যায়?

- 1) 10
- ✓ 2) 20
- 3) 30
- 4) 80

ব্যাখ্যা : ${}^6C_3 = 20$

18) $125(\sqrt{5})^{2x} = 1$ হলে x এর মান কত?

- 1) 9
- ✓ 2) -3
- 3) 7
- 4) 3

ব্যাখ্যা :

$$\begin{aligned} &125(\sqrt{5})^{2x} = 1 \\ &\Rightarrow 5^3 (\sqrt{5})^{2x} = 1 \\ &\Rightarrow 5^3 (5^{1/2})^{2x} = 1 \\ &\Rightarrow 5^3 \cdot 5^{2x \cdot (1/2)} = 1 \\ &\Rightarrow 5^{3+x} = 5^0 \\ &\Rightarrow 3+x = 0 \\ &\therefore x = -3 \end{aligned}$$

19) একটি দ্রব্য 180 টাকায় বিক্রয় করায় 10% ক্ষতি হলো দ্রব্যটির ক্রয়মূল্য-

- ✓ 1) 200 টাকা
- 2) 198 টাকা

3) 210 টাকা

4) 162 টাকা

ব্যাখ্যা : 10% ক্ষতিতে, বিক্রয়মূল্য 90 টাকা হলে ক্রয়মূল্য 100 টাকা .
 $\therefore 180 \times \frac{100}{90} \times 180 \text{ টাকা} = 200 \text{ টাকা} \text{।}$

20) $\{(0.৯)^৩+(0.8)^৩\}/(0.৯+0.8)$ এর মান কত?

✓ 1) 0.৬১

2) 0.৫১

3) 0.৮১

4) 0.৩৬

ব্যাখ্যা :

$$\begin{aligned} \{(0.৯)^৩+(0.8)^৩\}/(0.৯+0.8) &= [(0.৯+0.8)\{(0.৯)^২-(0.৯ \times 0.8)+(0.8)^২\}]/(0.৯+0.8) \\ [\because a^3+b^3 &= (a+b)(a^2-ab+b^2)] \\ &= 0.৮১ - 0.৩৬ + 0.৬৪ \\ &= 0.৯১-0.৩৬ \\ &= 0.৬১ \end{aligned}$$

21) দুইটি সংখ্যার অনুপাত ৭ : ৫ এবং তাদের ল. সা. গু. ১৪০ হলে সংখ্যা দুইটির গ.সা. গু. কত?

✓ 1) 8

2) ৯

3) ৬

4) ১২

ব্যাখ্যা : ধরি, সংখ্যা দুটি $7x$ ও $5x$, যেখানে x হলো সংখ্যা দুটির গ.সা.গু

$$\therefore 7x \times 5x = 140 \times x$$

$$= > 35x = 140$$

$$= > x = 4$$

22) বার্ষিক ১০% হার সুদে ৫০০০ টাকার ৩ বছরের সরল মুনাফা এবং চক্রবৃদ্ধি মুনাফার পার্থক্য কত?

1) ১৮৫ টাকা

2) ১৭৫ টাকা

✓ 3) ১৫৫ টাকা

4) ১৬৫ টাকা

ব্যাখ্যা : এখানে,

$$P = ৫০০০ \text{ টাকা}$$

$$r = 10\%$$

$$n = 3$$

$$\therefore \text{চক্রবৃদ্ধি সুদাসল} = P(1+r)^n$$

$$= 5000 \times \{1 + (10/100)\}^3$$

$$= 5000 \times (110/100)^3$$

$$= 6655 \text{ টাকা}$$

$$\therefore \text{চক্রবৃদ্ধি সুদ} = 6655 - 5000$$

$$= 1655 \text{ টাকা}$$

আবার,

$$\text{সরল সুদ} = P \times n \times r$$

$$= 5000 \times 3 \times (10/100)$$

$$= 1500 \text{ টাকা}$$

$$\therefore \text{সুদের পার্থক্য} = 1655 - 1500$$

$$= 155 \text{ টাকা}$$

23) ঘড়িতে যখন ৮ টা বাজে তখন ঘণ্টার কাঁটা ও মিনিটের কাঁটার মধ্যবর্তী কোণ কত ডিগ্রি হবে?

1) 90°

2) 105°

3) 95°

✓ 4) 120°

ব্যাখ্যা : মধ্যবর্তী কোণ = $|11M - 60H2|^\circ = |11 \times 8 - 60 \times 82|^\circ = |-8802|^\circ = 280^\circ > 180^\circ = 360^\circ - 280^\circ = 80^\circ$

24) $2x^2 + 5x + 3 < 0$ এর সমাধান কোনটি?

✓ 1) $-(3/2) < x < -1$

2) $-(3/2) < x < 1$

3) $-(3/2) \leq x \leq -1$

4) $-(3/2) \leq x \leq 1$

ব্যাখ্যা :

$$2x^2 + 5x + 3 < 0$$

$$\Rightarrow 2x^2 + 3x + 2x + 3 < 0$$

$$\Rightarrow x(2x+3) + 1(2x+3) < 0$$

$$\Rightarrow (2x+3)(x+1) < 0$$

$(2x+3)$ ও $(x+1)$ এর যেকোন একটির মান ঋণাত্মক হলে অসমতাটি সত্য হবে।

যখন

$(x+1)$ এর চিহ্ন

$(2x+3)$ এর চিহ্ন

$(x+1)(2x+3)$ এর চিহ্ন

$x < - (3/2)$	-	-	+
$- (3/2) < x < -1$	-	+	-
$x > - 1$	+	+	+

নির্ণেয় অসমতাঃ $- (3/2) < x < -1$

25) $P = \{ x : x, 12 \text{ এর গুণনীয়কসমূহ} \}$ এবং $Q = \{ x : x, 3 \text{ এর গুণিতক এবং } x \leq 12 \}$ হলে $(P-Q)$ কত?

- ✓ 1) $\{1,2,4\}$
- 2) $\{1,3,6\}$
- 3) $\{1,3,4\}$
- 4) $\{1,2,6\}$

ব্যাখ্যা : $P = \{ 2,3,4,6,12 \}$

$Q = \{ 3,6,9,12 \}$

$P - Q = \{ 2,3,4,6,12 \} - \{ 3,6,9,12 \} = \{ 1,2,4 \}$

নির্ণেয় সেট $\{ 1,2,4 \}$

26) $6x^2 - 7x - 4 = 0$ সমীকরণে মূলদ্বয়ের প্রকৃতি কোনটি?

- 1) বাস্তব ও সমান
- ✓ 2) বাস্তব ও অসমান
- 3) অবাস্তব
- 4) পূর্ণ বর্গ সংখ্যা

ব্যাখ্যা : $6(x)^2 - 7x - 4 = 0$ সমীকরণটিকে $ax^2 + bx + c$ এর সাথে তুলনা করে পাই, $a=6, b=-7, c=-4$
 $b^2 - 4ac = 49 + 96 = 145 > 0$ যেহেতু $b^2 - 4ac > 0$ তাই মূলদ্বয় বাস্তব ও অসমান।

27) নিচের কোনটি ভগ্নাংশটি বৃহত্তম?

- 1) $6/11$
- 2) $8/18$
- 3) $3/5$
- ✓ 4) $5/8$

ব্যাখ্যা :

28) কোন শর্তে $\log_a 1 = 0$?


- ✓ 1) $a > 0, a \neq 1$
- 2) $a \neq 0, a > 1$

3) $a > 0, a = 1$

4) $a \neq 1, a < 0$

ব্যখ্যা : $\log_a 1 = 0$ হবে, $a > 0$ এবং $a \neq 1$ (স্বতঃসিদ্ধ)

29)



চিত্রে $\angle PQR = 55^\circ$, $\angle LRN = 90^\circ$

এবং $PQ \parallel MR$, $PQ = PR$ হলে, $\angle NRP$ এর মান নিচের কোনটি?

1) 90°

2) 55°

3) 45°

✓ 4) 35°

ব্যখ্যা :

চিত্রে $\triangle PQR$ একটি সমদ্বিবাহু ত্রিভুজ।

এখন $\triangle PQR$ - এ যেহেতু $PQ = PR$, তা $\angle PQR = \angle PRQ$

$$\angle PQR = \angle PRQ = 55^\circ$$

আবার, $\angle LRN = \angle NRQ = 90^\circ$

$$\angle NRP = 90^\circ - \angle PRQ$$

$$= 90^\circ - 55^\circ$$

$$= 35^\circ$$

♣ উত্তরপত্র

৪১-৪২ তম বিসিএস গণিত

Total questions : 29 Total marks : 29

1) $5/12, 6/13, 11/24$ এবং $3/8$ এর মধ্যে বড় ভগ্নাংশটি-

- 1) $5/12$
- ✓ 2) $6/13$
- 3) $3/8$
- 4) $11/24$

ব্যাখ্যা :

f"Hello

2) নিচের ধারার শেষ সংখ্যা কত? ৩, ৯, ২৭, ৮১?

- 1) ২৪৫
- ✓ 2) ২৪৩
- 3) ২৪১
- 4) ২৪৭

ব্যাখ্যা : ধারাটি ৩ এর গুণিতক আকারে বৃদ্ধি পেয়েছে। সে অনুযায়ী উত্তর হবে $৮১ \times ৩ = ২৪৩$ ।

3) $\log x^{1/9} = -2$ হলে x এর মান কোনটি?

- ✓ 1) 3
- 2) 13
- 3) -13
- 4) 2

ব্যাখ্যা : $\log x^{1/9} = -2$

Or, $1/x^2 = 1/9$

Or, $x^2 = 9$

Or, $x = 3$

4) $5+8+11+14+ \dots$ ধারাটির কত তম পদ 302।

- 1) 70 তম পদ
